দৈনিক ইনকিলাব

তারিখ ... 28 JAN 1988 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ৮ ...



# বিভিন্ন স্থানে ফ্রি বই বিতরণের কাজ এগিয়ে চলছে

গফরগাঁও (ময়মনসিংহ), ২৭ জানুয়ারী।— গত ২২ জানুয়ারী থেকে গফরগাঁও উপজেলার বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১৯৮৮ সালের শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত মোট ১ লাখ ৭০ হাজার সেট বই বিতরণ করা হয়।

**জলঢাকা**

জলঢাকা (নীলফামারী) সংবাদদাতা জানান, জলঢাকা উপজেলায় সরকারী প্রাথমিক ও বেসরকারী বিদ্যালয়ে ফ্রি বই বিতরণ চলছে। ১৯৮৮ সালের জন্য বাংলাদেশ শিক্ষা পরিদপ্তর থেকে জলঢাকা উপজেলার জন্য ১ম শ্রেণী ৮,৯০০ সেট, ২য় শ্রেণী ৭,৩১০ সেট, ৩য় শ্রেণী ৩,৭৬০ সেট, ৪র্থ শ্রেণী ২,৫৪৫ সেট, ৫ম শ্রেণীতে ২,৩৯৫ সেট, তাছাড়াও শিশু শ্রেণীর জন্য ৪,৪০০ সেট বই বরাদ্দ করেছে।

**ফুলতলা**

ফুলতলা (খুলনা) সংবাদদাতা জানান, প্রাথমিক ১৯৮৮ শিক্ষাবর্ষের ফুলতলা উপজেলায় ২০ হাজার ৪শ' ১৬ সেট বই বিনামূল্যে বিতরণ করা হবে।

এর মধ্যে শিশু শ্রেণী ১১শ' সেট, প্রথম শ্রেণী ৩ হাজার সেট, দ্বিতীয় শ্রেণী ৩ হাজার সেট, তৃতীয় শ্রেণী ২ হাজার ৫শ' সেট, চতুর্থ শ্রেণী ২ হাজার ৩শ' সেট, পঞ্চম শ্রেণী ২ হাজার সেট। মোট ১৪ হাজার ৯শ' সেট বই বিনামূল্যে এরই মধ্যে বিতরণ করা হয়েছে।

**ঝালকাঠী**

ঝালকাঠী নিজস্ব সংবাদদাতা জানান, এ জেলার ৪টি উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ফ্রি বই বিতরণের জন্যে এ পর্যন্ত ৮৭,৩৫০ সেট বই বিতরণ করা হয়েছে। ঝালকাঠী সদর উপজেলার শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ২২,৫০০ সেট, রাজাপুর উপজেলায় ১৭,৭০০ সেট, নলছিটি উপজেলায় ২৭,৬০০ সেট এবং কাঁঠালীয়া উপজেলায় ১৭,৬৫০ সেট বই বিতরণ করা হয়েছে।

**কেশবপুর**

কেশবপুর (যশোর) সংবাদদাতা জানান, সম্প্রতি কেশবপুর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে ফ্রি বই বিতরণ শুরু হয়েছে। চলতি শিক্ষাবর্ষে এ উপজেলায় শিশু শ্রেণীতে ২ হাজার ৭শ' ৭২টি, ১ম শ্রেণীতে ৭ হাজার ১শ' ৬০ জোড়া, ২য় শ্রেণীতে ৫ হাজার ৩শ' ৯০ জোড়া, ৩য় শ্রেণীতে ৪ হাজার ৩শ' ৬৬ সেট, ৪র্থ শ্রেণীতে ৩ হাজার ৩শ' ১০ সেট ও ৫ম শ্রেণীতে ২ হাজার ৬শ' ২০ সেট বই বিতরণ করা হবে।

**ভোলা**

ভোলা নিজস্ব সংবাদদাতা জানান, ভোলা জেলার ৭টি উপজেলায় ৫শ' প্রাথমিক বিদ্যালয়ের জন্য ৪ লাখ ৫০ হাজার ৫শ' বই বরাদ্দ করা হয়েছে। ১ লাখ ১৩ হাজার ৭শ' ১৬ জন ছাত্র-ছাত্রীর মধ্যে বইগুলো বিতরণ করা হয়।

**নোয়াখালী**

নোয়াখালী সংবাদদাতা জানান, এ জেলায় সরকার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরে ফ্রি বই বিতরণের জন্য প্রি-ক্লাস ওয়ানে ২৫,৮০০টি, প্রথম শ্রেণীতে ৬৪ হাজার সেট, ২য় শ্রেণীতে ৬০ হাজার সেট, তৃতীয় শ্রেণীতে ৪৩ হাজার ৫শ' সেট, চতুর্থ শ্রেণীতে ৩৭ হাজার সেট ও ৫ম শ্রেণীতে ৩১ হাজার ৫শ' সেট বই বরাদ্দ করেছেন।

জানা গেছে, জেলার ৬টি উপজেলায় ইতিমধ্যে সুষ্ঠুভাবে বই বিতরণ করা হয়েছে।

**হবিগঞ্জ**

হবিগঞ্জ নিজস্ব সংবাদদাতা জানান, সম্প্রতি এ জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্যে ফ্রি বই বিতরণ করা শুরু হয়েছে। জেলার ৮০২টি প্রাথমিক বিদ্যালয়ে ফ্রি বিতরণেত জন্য ১ লাখ ৫৪ হাজার ৩শ' সেট বই জেলার প্রতিটি উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে।